অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/29/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুউমো, স্পিকার হেসটি, সিনেটর বেইলি এবং অ্যাসেম্বলিম্যান বেনেডিট্টো নর্থইস্ট ব্রংক্সের জন্য নতুন COVID-19 মোবাইল টেস্টিং সাইটের ঘোষণা দিয়েছেন

গভর্নর অ্যান্ড্রু এম. কুউমো, অ্যাসেম্বলি স্পিকার কার্ল ই হেসটি, সিনেটর জামাল টি বেইলি ও অ্যাসেম্বলিম্যান মাইকেল বেনেডিট্টো আজ ঘোষণা করেছেন যে তাঁরা নর্থইস্ট ব্রংক্সের জন্য জরুরি নতুন করোনাভাইরাস ডিজিজ 2019 (COVID-19) মোবাইল টেস্টিং সাইট নিশ্চিত করেছেন।

"এই ভাইরাসের ব্যাপ্তি কমিয়ে আনার জন্য আমাদের মূল কৌশলটি ছিল স্টেটব্যাপী প্রতিটি সম্প্রদায়ের জন্য পরীক্ষা-নিরীক্ষা বৃদ্ধি এবং ঘনত্ব হ্রাস করা," **গভর্নর কুওমো বলেন।** "আমাদের তৈরি করা একাধিক ড্রাইভ-থ্রু মোবাইল টেস্টিং ফ্যাসিলিটিগুলো আমাদের পরীক্ষা করার সক্ষমতা বাড়ানোর সাথে সাথে, লোকজনকে হাসপাতাল ও অন্যান্য স্বাস্থ্যসেবা থেকে দূরে রাখতে সহায়তা করবে যেখানে তারা অন্যান্য ব্যক্তিকে সংক্রামিত করতে পারেন বা নিজেরাই অসুস্থ হতে পারেন। ব্রংক্সের Co-Op সিটি (Co-Op City) প্রচুর সংখ্যক ঝুঁকিপূর্ণ নিউ ইয়র্কবাসীর আবাসস্থল এবং এই অঞ্চলে একটি নতুন ড্রাইভ-থ্রু সুবিধা ফ্যাসিলিটি স্থাপন সেই বাসিন্দাদের রক্ষা করতে এবং তাদের COVID-19-এর পরীক্ষার জন্য একটি নিরাপদ জায়গা প্রদানে সাহায্য করবে।"

"আমরা একটি নজিরহীন জনস্বাস্থ্য সংকটের সম্মুখীন হয়েছি এবং জনসাধারণকে রক্ষা করার জন্য আমাদের যথাসাধ্য চেষ্টা করা একান্ত প্রয়োজনীয়," **স্পিকার হেসটি বলেন।** "এই টেস্টিং সাইটটি co-op সিটিতে বসবাসকারীদের পাশাপাশি প্রতিবেশী সম্প্রদায়ের বাসিন্দাদের স্বাস্থ্য ও সুরক্ষার জন্য গুরুত্বপূর্ণ এবং ব্রংক্সের প্রতি একটি বিশাল উপকার হবে। অনেক প্রবীণ এখানে বাস করেন এবং তারা এই ভয়ঙ্কর ভাইরাসের ব্যাপারে সবচেয়ে ঝুঁকির মধ্যে রয়েছেন। আমি গভর্নর কুউমোকে এই টেস্টিং সাইটটিকে বাস্তব হিসেবে গড়ে তুলতে তাঁর অক্লান্ত পরিশ্রমের জন্য এবং আমার সহযোগী, অ্যাসেম্বলিম্যান বেনেডিট্টো ও সিনেটর বেইলিকে, এই সংস্থানটি চালু করতে তাদের সমর্থন ও কঠোর পরিশ্রমের জন্য ধন্যবাদ জানাতে চাই।"

মোবাইল টেস্টিং সেন্টারটি 2210 বার্টোউ অ্যাভেনিউয়ে বে প্লাজা এএমসি থিয়েটারের (Bay Plaza AMC Theater) পার্কিং লটে স্থাপন করা হবে। সাইটটি ঝুঁকিপূর্ণ জনসংখ্যার অন্তর্ভূক্ত ব্যক্তিদের জন্য পরীক্ষাকে অগ্রাধিকার দেবে। যে সকল বাসিন্দাগণ পরীক্ষা করাতে চান তাদের অবশ্যই 888-364-3065-এ কল করে একটি সাক্ষাতের সময় নির্ধারণ করতে হবে। কোনও ওয়াক-ইন অনুমোদিত হবে না এবং সমস্ত রোগীদের গাড়িতে অবস্থান করতে হবে। আগামী সোমবার, 30 মার্চ, 2020

সকাল 10টা থেকে কেন্দ্রটি চালু হতে চলেছে। সাইট আওয়ার হবে সোমবার-রবিবার, সকাল 8টা - সন্ধ্যা 6টা।

সিনেটর বেইলি বলেন, "সম্প্রদায়কে জানাতে পেরে আমি সন্তুষ্ট যে Co-Op সিটি সোমবার থেকে একটি টেস্টিং সাইট পাচ্ছে। আপনারা সবাই জানেন যে Co-Op সিটি হল একটি অনন্য সম্প্রদায়, এটি এমন ব্যক্তিদের দ্বারা পূর্ণ যারা COVID-19 সম্পর্কিত লক্ষণগুলোর মাধ্যমে উচ্চ ঝুঁকির মধ্যে থাকতে পারেন। সবচেয়ে উল্লেখযোগ্যভাবে, Co-Op-এর জ্যেষ্ঠ নাগরিক জনসংখ্যা, কারণ এটি দেশের বৃহত্তম ন্যাচারালি অকারিং রিটায়ারমেন্ট কমিউনিটি (Naturally Occurring Retirement Community, NORC) এবং 50,000-এরও অধিক বাসিন্দার একটি ঘনবসতিপূর্ণ অঞ্চল। সাইটটি বে প্লাজার মলে স্থাপিত হবে এবং ড্রাইভ থ্রু টেস্ট সেন্টার থাকবে। আমি গভর্নর অ্যান্ড্রু কুউমো, স্পিকার কার্ল হেস্টি, অ্যাসেম্বলিমেম্বার বেনেডিট্টো এবং এই জাতীয় গুরুত্বপূর্ণ বিষয়ে তাদের জায়গা ব্যবহারের অনুমতি দেওয়ার জন্য প্রেস্টিজ প্রপার্টিজকে (Prestige Properties) ধন্যবাদ জানাতে চাই।"

অ্যাসেম্বলিমেম্বার বেনেডিট্টো বলেন, "এই কঠিন সময়ে, গভর্নর কুউমো অসাধারণ নেতৃত্ব দেখিয়েছেন এবং আজও আমরা সেটির বর্ধিত অংশ দেখছি। ইস্ট ব্রঙ্কসের নিবাসীদের জন্য একটি টেস্টিং স্টেশন প্রয়োজন ছিল এবং বে প্লাজা এটির জন্য একটি আদর্শ স্থান। Co-Op সিটির একদম নিকটের বসবাসরত 50,000 মানুষের জন্য (যা দেশের বৃহত্তম সরকারী আবাসন কমপ্লেক্স), যাদের বেশিরভাগ বয়োজ্যেষ্ঠ অধিবাসী, স্থান নির্ণয়টি চমৎকার হয়েছে। গভর্নর জানাই ও স্পিকার হেস্টি এবং সিনেটর বেইলিকে ধন্যবাদ জানাই যারা এটি বাস্তবায়নের জন্য এত পরিশ্রম করেছেন।"

Co-Op সিটি এবং আশেপাশের নর্থ ইস্ট ব্রংক্স অঞ্চলের অনন্য প্রকৃতি এবং জনসংখ্যার ঘনত্বের কারণে এই সাইটটি অত্যন্ত গুরুত্বপূর্ণ।

Co-op শহরটি এই ধরণের মধ্যে বিশ্বের বৃহত্তম কোঅপারেটিভ ডেভেলপমেন্ট এবং বহু প্রবীণ ও ইমিউনোকম্প্রোমাইজড ব্যক্তিসহ হাজার হাজার পরিবারের বাসস্থান। গত কয়েক সপ্তাহ ধরে এই জনসংখ্যা COVID-19 ভাইরাসের প্রতি বেশি সংবেদনশীল বলে প্রমাণিত হয়েছে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন